

উপস্থিত :-

মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,

সহকারী জজ আদালত, বোয়ালখালী, চট্টগ্রাম

আদেশ নং-৭৩

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

তারিখ- ৩০/০৮/২০২২ ইং

বাদীপক্ষ হাজিরা দাখিল করেননি।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি ১(খ) তফসিল বর্ণিত নালিশী সম্পত্তিতে স্বত্ত্ব ও উক্ত সম্পত্তি সম্পর্কিত ৮৮২ নং বি এস খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় ১-১২ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১ ও ৯ নং বিবাদী মামলায় জবাব দাখিল করে ছড়ান্ত শুনানী পর্যায়ে হাজির হতে ব্যর্থ হয়। অপরাপর বিবাদীগণ হাজির হনননি। যার প্রেক্ষিতে বিগত ১৩/১০/২০২০ ইং তারিখের ৬৪ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে ১(খ) নং বাদী কাজী মোঃ আবদুল নূর **P.W.-1** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করেন।

১। আর এস- ৩১৮৯ নং খতিয়ান এর সি.সি প্রদর্শনী- ১।

২। বি এস ১৪৮২, ৮৮২ নং খতিয়ানের সি.সি প্রদ-১(ক) ও ১(খ)

কাজী মোঃ আবদুল নূর **P.W.-1** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১ সিরিজ) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানস্বত্ত্ব সম্পত্তিতে স্বত্ত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি।
সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-১২ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত ভূমিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ভূমি সম্পর্কিত তর্কিত বি.এস ৮৮২ নং খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে, যা যথারীতি বে-আইনী, অকার্যকর এবং উহা বাদীর উপর বাধ্যকর নয়।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)	(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ	সিনিয়র সহকারী জজ
সহকারী জজ আদালত, বোয়ালখালী,	সহকারী জজ আদালত, বোয়ালখালী
চট্টগ্রাম	চট্টগ্রাম